

AKASHVANI (Kolkata)

Regional News Unit

Date : 23-12-24

Desk in Charge :

Time : 7.35 AM

Compiling :

Opening Announcement আকাশবাণী, খবর পড়ছি –

বিশেষ বিশেষ খবর –

- ১) রাজ্যে জঙ্গি অনুপ্রবেশের আশঙ্কার মধ্যেই দক্ষিণ ২৪ পরগনার ক্যানিং থেকে তেহরিক-উল-মুজাহিদিনের এক জঙ্গিকে গ্রেফতার করেছে পুলিশ।
- ২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ‘রোজগার মেলা’য় ৭১ হাজারেরও বেশি প্রাপকের হাতে চাকরির নিয়োগপত্র তুলে দেবেন।
- ৩) বিমান যাত্রী ও কর্মীদের জন্য কলকাতার নেতাজী সুভাষচন্দ্র বসু আন্তর্জাতিক বিমান বন্দরে চালু হয়েছে দেশের প্রথম উড়ান যাত্রী কাফে।
- ৪) শান্তিনিকেতনে আজ পৌষ মেলার সূচনা হয়েছে।
- ৫) প্রথিতযশা নৃত্যশিল্পী ও গুরু পৌষালী মুখোপাধ্যায় প্রয়াত।
- ৬/ ISL ফুটবলে মহামেডান স্পোর্টিং কেরালা ব্লাস্টার্সের কাছে ৩/০ গোলে পরাজিত হয়েছে।

বাংলাদেশে অশান্ত পরিস্থিতির প্রেক্ষিতে ভারতে জঙ্গী অনুপ্রবেশের আশঙ্কার মধ্যেই দক্ষিণ ২৪ পরগনার ক্যানিং থেকে ‘তেহরিক-উল-মুজাহিদিন’-এর এক জঙ্গিকে পুলিশ গ্রেফতার করেছে। জাভেদ মুন্সি নামে ওই জঙ্গি, কাশ্মীরের তাংপোরার বাসিন্দা। বিস্ফোরক বিশেষজ্ঞ ও অস্ত্র পাচারকারী জাভেদ একাধিক হিংসাত্মক কর্মকাণ্ডে জড়িত বলে অভিযোগ। বেশ কয়েকবার কারাবাসও করেছে ওই জঙ্গি। নির্দিষ্ট খবরের ভিত্তিতে রাজ্য পুলিশের STF-এর সহায়তায় জম্মু-কাশ্মীর পুলিশ অভিযান চালায়। ক্যানিং-এ এক আত্মীয়ের বাড়িতে লুকিয়ে ছিল সে। কয়েকদিন আগেই জাভেদ মুন্সি এরাঙ্গে আসে। তার বাংলাদেশ পালিয়ে যাওয়ার পরিকল্পনা ছিল বলে তদন্তকারীদের দাবি।

জাভেদ মুন্সিকে গতকাল আলিপুর আদালতে তোলা হলে আদালত ৩১ শে ডিসেম্বর পর্যন্ত পুলিশ হেফাজতের নির্দেশ দেওয়া হয়। তদন্তের জন্য তাঁকে কাশ্মীর নিয়ে যাওয়া হচ্ছে বলে খবর।

বাংলাদেশের পরিবর্তিত পরিস্থিতিতে বিভিন্ন জঙ্গি সংগঠনগুলি বিচ্ছিন্নতাবাদীদের সঙ্গে যোগাযোগ বাড়ানোর চেষ্টা করছে বলে পুলিশ সূত্রের খবর। ধৃত জাভেদ মুন্সি কেন ক্যানিং-এ আশ্রয় নিয়েছিল, পুলিশ তা খতিয়ে দেখছে।

উল্লেখ্য, সম্প্রতি বিভিন্ন রাজ্য থেকে জঙ্গি সংগঠন আনসার-উল্লা-বাংলার ৮ জঙ্গি গ্রেফতার হয়েছে।

গোটা রাজ্য জঙ্গীদের আস্তানা হয়ে উঠেছে বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেছেন।

(বাইট- শুভেন্দু)

বাংলাদেশে হিন্দু নিপীড়ন এবং কাঁথি কো-অপারেটিভ ব্যাংকের নির্বাচনে ভোট লুণ্ঠের প্রতিবাদে এগরার দীঘা মোড়ে বিজেপির উদ্যোগে গতকাল একটি প্রতিবাদ সভায় উপস্থিত ছিলেন বিরোধী দলনেতা।

বাংলাদেশ পরিস্থিতির দিকে ভারত সরকার কড়া নজর রাখছে বলে রাজ্যপাল সিভি আনন্দ বোস জানিয়েছেন। সাংবাদিকদের কাছে তিনি বলেন, কোন আপৎকালীন অবস্থার ক্ষেত্রে দেশ উপযুক্ত ব্যবস্থা নেবে। দ্রুত শান্তি ফিরবে বলেও তিনি আশা প্রকাশ করেন।

জঙ্গি অনুপ্রবেশের দায় কেন্দ্রের স্বরাষ্ট্র মন্ত্রককে নিতে হবে বলে রাজ্যের পুর ও নগর উন্নয়ন মন্ত্রী তথা কলকাতা পুরসভার মেয়র ফিরহাদ হাকিম মন্তব্য করেছেন। কলকাতায় গতকাল এক অনুষ্ঠানের পর সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি বলেন, বিষয়টি নিয়ে রাজনীতি করা হচ্ছে।

(বাইট- ফিরহাদ)

রাজ্য সরকার, সীমান্ত রক্ষায় কেন্দ্রের সঙ্গে সহযোগিতা করছে না বলে রাজ্য বিজেপি সভাপতি তথা কেন্দ্রীয় মন্ত্রী সুকান্ত মজুমদার অভিযোগ করেছেন। আজ বিমানবন্দরে সাংবাদিকদের কাছে সুকান্তবাবু বলেন, স্বরাষ্ট্র মন্ত্রক সীমান্তে BSF আউটপোস্টের জন্য পশ্চিমবঙ্গ সরকারের কাছে জমি চাইলেও তা এখনো মেলেনি।

অন্যদিকে, রাজ্য সহযোগিতা না করলে BSF একা অনুপ্রবেশ ঠেকাতে পারবে না বলে কংগ্রেসের বরিষ্ঠ নেতা অধীর রঞ্জন চৌধুরী মন্তব্য করেছেন।

(বাইট- অধীর)

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সকাল সাড়ে ১০টায় ভিডিও কনফারেন্সের মাধ্যমে ৭১ হাজারেরও বেশি প্রাপকের হাতে চাকরির নিয়োগপত্র তুলে দেবেন। অনুষ্ঠানে তিনি বক্তব্যও রাখবেন। সারা দেশের ৪৫টি স্থানে এই রোজগার মেলা আয়োজিত হবে। কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রক ও বিভাগের চাকরির পরীক্ষার মাধ্যমে প্রার্থীরা নির্বাচিত হয়েছেন। রোজগার মেলা, কর্মসংস্থান সৃষ্টিকে সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়ার জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর প্রতিশ্রুতি পূরণের লক্ষ্যে একটি পদক্ষেপ।

কেন্দ্রীয় সরকারের স্বরাষ্ট্র মন্ত্রক, ডাক বিভাগ, উচ্চ শিক্ষা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক, আর্থিক পরিষেবা বিভাগ ও অন্যান্য দফতর এবং মন্ত্রকে এই সব প্রার্থীদের নিয়োগ হবে।

বি আর আশ্বেদকরকে নিয়ে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহের কথিত মন্তব্যের জন্য ক্ষমা প্রার্থনা ও ইস্তফার দাবী তুলে কংগ্রেস, গতকাল কলকাতায় মিছিল করেছে। গড়িয়াহট থেকে ত্রিকোণ পার্ক পর্যন্ত মিছিলে যোগ দেন প্রদেশ কংগ্রেসের প্রাক্তন সভাপতি প্রদীপ ভট্টাচার্য, AICC-র সদস্য তুলসী মুখোপাধ্যায় প্রমুখ।

বর্তমান সময়ে উদ্ভূত বিভিন্ন সমস্যার সমাধানে, পড়ুয়াদের অংশগ্রহণ বাড়াতে ‘স্মার্ট ইন্ডিয়া হ্যাকথন ও বিকশিত ভারত’- শীর্ষক বিশেষ আলোচনা শুনবেন আজ। অংশ নিয়েছেন, ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ টেকনোলজি আইআইটি খড়গপুর-এর অ্যাসিস্ট্যান্ট প্রফেসর ডক্টর কৌশল কুমার ভগৎ ও ওই প্রতিষ্ঠানের পড়ুয়া উত্কল মিত্র। সম্মেলনায় কল্যাণ লাহা।

আকাশবাণী সংবাদ কলকাতা প্রযোজিত এই অনুষ্ঠানটি শোনা যাবে রাত সাড়ে নটায় গীতাঞ্জলি, ১০৭ প্রচার তরঙ্গ এবং ডি টি এইচ বাংলায় ও আমাদের সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে।

অসামরিক বিমান পরিবহন মন্ত্রক বিমান যাত্রী ও বিমান কর্মীদের জন্য ‘উড়ান যাত্রী ক্যাফে’ চালু করার ঘোষণা করেছে। এখানে প্রয়োজনীয় খাবার ও জল পাওয়া যাবে।

এই প্রথম কলকাতার নেতাজি সুভাষচন্দ্র বসু আন্তর্জাতিক বিমানবন্দরে ক্যাফে চালু করা হল। উদ্যোগটি সফল হলে দেশের অন্যান্য বিমানবন্দরেও এধরনের ক্যাফে চালু করবে বিমানবন্দর কর্তৃপক্ষ।

শান্তিনিকেতনে পৌষ মেলার সূচনা হয়েছে। গতকাল বৈতালিকের মধ্য দিয়ে শুরু হয় পৌষ উৎসবের। আজ সকাল ৭-টায় ছাতিমতলায় ব্রহ্ম উপাসনার মধ্য দিয়ে পৌষ মেলার সূচনা হয়। একটি প্রতিবেদন- (ভিসি- চন্দ্রনাথ)

৬ দিনের এই মেলা চলবে ২৮-শে ডিসেম্বর পর্যন্ত। থাকছে নানা সাংস্কৃতিক অনুষ্ঠান।

জল ব্যবহারে অসাম্য ও অপচয়- এই দুই বিপরীতমুখী বাস্তবের প্রেক্ষিতে যথাযথ সরকারি নীতির প্রয়োজন বলে নোবেল জয়ী অর্থনীতিবিদ অভিজিত বিনায়ক বন্দ্যোপাধ্যায় মত প্রকাশ করেছেন।

গতকাল শান্তিনিকেতনে ‘বেঙ্গল বিয়েনেলের’ আলোচনাচক্রে অংশ নিয়ে অভিজিতবাবু বলেন, বর্তমান সময়ে নির্মাণ শিল্পের বাড়বাড়ন্ত, জল সঙ্কটের সঙ্গে নানাভাবে যুক্ত। আলোচনায় অংশ নেন প্রদর্শনীর কিউরেটর, কলাভবনের শিক্ষক অংশুমান দাসগুপ্ত, গ্রাফিক নভেলিস্ট সারনাথ বন্দ্যোপাধ্যায় প্রমুখ।

বাঁকুড়ার বিষ্ণুপুরে আজ সূচনা হচ্ছে ৩৭ তম বিষ্ণুপুর মেলার। মল্লভূমের নিজস্ব ঘরানার ধ্রুপদী সঙ্গীত, বালুচরি শাড়ি, ডোকরা ও টেরাকোটার শিল্পকর্ম বিশ্বের সামনে তুলে ধরতে এবার বিশেষ উদ্যোগ নেওয়া হয়েছে। মেলা চলবে ২৭শে ডিসেম্বর পর্যন্ত।

প্রথিতযশা নৃত্যশিল্পী ও গুরু পৌষালী মুখোপাধ্যায় প্রয়াত। শনিবার কলকাতায় হৃদরোগে আক্রান্ত হয়ে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। নিমতলা মহাশ্মশানে তাঁর শেষকৃত্যে উপস্থিত ছিলেন অগণিত ছাত্রছাত্রী ও গুণমুগ্ধ। সাংস্কৃতিক জগতের বহু বিশিষ্টজন পৌষালীর মৃত্যুতে প্রকাশ করেছেন। নৃত্যশিল্পী অলকানন্দা রায় আকাশবাণীকে বলেন, ছোটবেলা থেকেই তাঁর অত্যন্ত স্নেহের পাত্রী ছিলেন পৌষালী মুখোপাধ্যায়।

(বাইট- অলকানন্দা রায়)

কলকাতার বেলেঘাটা থানা এলাকার বিল্ডিং মোড়ের কাছে গতরাতে পথ দুর্ঘটনায় এক বাইক আরোহীর মৃত্যু হয়েছে। রাত সাড়ে ১১টা নাগাদ দ্রুতগতির বাইকটি নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশের গার্ডওয়ালে ধাক্কা দেয়। গুরুতর আহত অবস্থায় বাইক আরোহীকে NRS হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা মৃত বলে ঘোষণা করেন।

নিম্নচাপ ও ঘূর্ণাবর্তের জেরে বৃষ্টির পর তাপমাত্রা সামান্য নামলেও এখনই জাঁকিয়ে শীত পড়ার সম্ভাবনা নেই বলে আবহাওয়া দফতর জানিয়েছে। ফের ঘূর্ণাবর্ত ও ঝঞ্ঝার প্রভাবে বুধবারের পর রাজ্যের তাপমাত্রা কিছুটা বাড়তে পারে।

কলকাতায় সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৬ দশমিক দুই ডিগ্রী সেলসিয়াস, যা স্বাভাবিকের চেয়ে এক দশমিক সাত ডিগ্রী বেশী। আজকের সর্বোচ্চ তাপমাত্রা ২৬ ডিগ্রীর আশেপাশে থাকার সম্ভাবনা।

কোচির জওহরলাল নেহরু স্টেডিয়ামে ISL ফুটবল ম্যাচে গতকাল কেরালা ব্লাস্টার্স ৩-০ গোলে মহামেডান স্পোর্টিংকে পরাজিত করেছে।

গোল করেছেন নোয়া সদাউই, আলেকজান্ডার কোয়েফ। অপর গোলটি ভাস্কর রায়ের আত্মঘাতী।

১২ ম্যাচে মহামেডান স্পোর্টিং এর পয়েন্ট পাঁচ। কেরালা ব্লাস্টার্স ১৩ ম্যাচে ১৪ পয়েন্ট সংগ্রহ করেছে।
